উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী (বিবেচ্য মাস: মার্চ/২০২৪)

অধিবেশন:-১৩৬

উপদেষ্টা : মেজর জেনারেল আব্দুস সালাম, এমপি, মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।

তারিখ : ৩১ মার্চ, ২০২৪ খ্রিঃ।

সময় : বেলা-১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের হাজিরা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত।

অদ্যকার সভায় সভাপতি জনাব হাসান মাহমুদ জুয়েল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও ভাইস-চেয়ারম্যান এবং মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ উপস্থিত না থাকায় উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর ধারা ১৫ (৪) মোতাবেক পরিষদের সিদ্ধান্তক্রমে সদস্যগণের মধ্য হতে নতুন চেয়ারম্যান প্যানেল নির্বাচন পূর্বক সভা পরিচালনার জন্য ৪নং চন্ডীপাশা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব শাহাব উদ্দিন ভূইয়াকে প্যানেল চেয়ারম্যান হিসেবে সভায় সভাপতি নির্বাচন করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার নান্দাইল আলোচ্যসূচি অনুযায়ী সভার কাজ নিম্নবর্ণিতভাবে আরম্ভ করেন :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **০১। উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন।** | **বিগত সভার কার্যবিবরণীতে কোন সংযোজন ও বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।** | **সংশ্লিষ্ট সদস্যগণ।** |
| **০২। মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় মহোদয় জানান যে,** সকল কর্মকর্তাদের সহনশীলতা ও কাজের প্রতি ইচ্ছা থাকতে হবে। কাজকে ভালোবাসতে হবে। প্রতিটি কাজ নিজের মনে করে সুন্দর ভাবে বাস্তবায়ন করতে হবে।<br>উপজেলা হাসপাতাল এর সেবার মান আরও সুন্দর করতে হবে।<br>উপজেলা পরিষদের প্রতিটি দপ্তর প্রধানগণ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের সাথে সমন্বয়ের মাধ্যমে সুন্দরভাবে কাজ বাস্তবায়ন করার পরামর্শ প্রদান করেন।<br>উন্নয়ন কাজগুলি আন্তরিকতার সহিত স্বচ্ছতা ও নিষ্ঠার সাথে বাস্তবায়নের জন্য সকল কর্মকর্তাদের পরামর্শ প্রদান করেন।<br>তিনি আরও জানান যে, ভালো কাজ করলে মহান আল্লাহ পুরষ্কৃত করেন।<br>নান্দাইল উপজেলাকে উন্নয়নের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে উন্নয়ন প্রকল্প তালিকা প্রস্তুত করার পরামর্শ প্রদান করেন।<br>টিসিবি কার্ড নীতিমালা মোতাবেক কার্যক্রম পরিচালনার পরামর্শ প্রদান করেন।<br>দাপ্তরিক সকল কাজে শৃঙ্খলা বজায় রাখার বিষয়ে আলোচনা করেন।<br>প্রতিটি দপ্তরে ব্যাপক উন্নয়নের জন্য বরাদ্দ আসবে এবং বরাদ্দের বিপরীতে দ্রুত কাজ বাস্তবায়ন করতে হবে। | মাননীয় মন্ত্রী মহোদয়ের আদেশ নির্দেশনা মোতাবেক সততা ও নিষ্টার সাথে আন্তরিকতার সহিত দপ্তরিক কার্মক্রম সকল কর্মকর্তাগণ পরিচালনা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | দপ্তর প্রধানগণ সকল। |

| | | |
|---|---|---|
| যে সকল ইউনিয়ন পরিষদে নতুন ভবন নেই সে সকল ইউনিয়নে নতুন ভবন নির্মাণের বিষয়ে আলোচনা করেন এবং পরামর্শ প্রদান করেন।<br><br>সঠিকভাবে দায়িত্ব পালনের জন্য সকল অফিসারকে পরামর্শ প্রদান করেন এবং রাজনৈতিক পরিবেশ পরিস্থিতিসহ জনগনের সাথে মিলেমিশে মহানোভাবের মাধ্যমে কাজ করার জন্য পরামর্শ প্রদান করেন। | | |
| **০৩। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান,** উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ভার্টিক্যাল এক্সটেনশনের কাজ চলমান রয়েছে। উক্ত কাজে উপজেলা প্রকৌশলী এলজিইডি তদারকি করছেন। | ড্রয়িং ও ডিজাইন মোতাবেক কাজ করা এবং কাজের গুণগতমান বজায় রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা/ উপজেলা প্রকৌশলী নান্দাইল। |
| **০৪। উপজেলা কৃষি বিভাগ ঃ** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে রবি/২০২৩-২৪ মৌসুমে অত্র উপজেলায় ২২,২৮০ হেক্টর জমিতে বোরো আবাদ করা হয়েছে। বোরো ফসল বর্তমানে কাইচ থোর-৩৪%, থোর-৫০% এবং ফুল ১৬% রয়েছে।<br>২০২৩-২০২৪ অর্থ বছরে খরিপ-১/২০২৪-২৫ মৌসুমে ১১০ জন কৃষকের মাঝে পাট বীজ প্রণোদনা প্রদান করা হয়েছে এবং আউশ ফসলে ১৩৪০ জন কৃষককে উফশী ধান বীজ ও রাসায়নিক সার প্রণোদনা প্রদান করা হবে। ইতোমধ্যে অগ্রাধিকার তালিকা প্রস্তুতের জন্য ইউনিয়ন ভিত্তিক বিভাজন প্রদান করা হয়েছে। উপকরণ প্রাপ্তি সাপেক্ষে উপজেলা পরিষদ হতে আউশ প্রণোদনার বীজ ও রাসায়নিক সার প্রদান করা হবে। | মাঠে উপসহকারী কৃষি কর্মকর্তাগণ সার্বক্ষণিক উপস্থিত থেকে কৃষকদের পরামর্শ প্রদান কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, নান্দাইল। |
| বর্তমানে বিভিন্ন রাসায়নিক সারের মজুদ সন্তোষ জনক। অদ্য পর্যন্ত ৪৪৭ মেঃটন ইউরিয়া সার টিএসপি-২৬ মেঃটন, ডিএপি-৪১ মেঃটন এবং এমওপি-৪১ মেঃটন মজুদ রয়েছে। চলতি রবি মৌসুমে কোন প্রকার রাসায়নিক সারের সংকট যেন না হয় সে জন্য মনিটরিং কার্যক্রম জোরদার করা হয়েছে। পাশাপাশি ইউরিয়া ও নন-ইউরিয়া সারের আগমনী বার্তা সঠিক সময়ে উপজেলা কৃষি অফিসারের কার্যালয়ে জমা প্রদানের নির্দেশনা প্রদান করা হয়।<br>উপজেলা কৃষি অফিস থেকে কৃষকদের সেবা প্রদানের জন্য "কৃষি সেবাঙ্গন" নামে একটি হেল্প ডেক্স চালু করা হয়েছে যেখান থেকে কৃষকগণ আধুনিক নিরাপদ ফসল উৎপাদন সম্পর্কে সকল ধরণের সেবা পাবেন। | কোন ধরণের রাসায়নিক সারের সংকট যেন না হয় এবং দোকান মনিটরিং ব্যবস্থা জোরদার করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, নান্দাইল। |
| **০৫। উপজেলা প্রকৌশল বিভাগ :** উপজেলা প্রকৌশলী আইআরডিপি-৪ প্রকল্পের আওতায় আইডিভুক্ত রাস্তা পাকাকরণের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করেন। | প্রস্তাবিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি। |

| | | |
|---|---|---|
| ০৬। **উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান** গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) ও গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচীর ২য় পর্যায়ের প্রকল্পে ১ম কিস্তির অর্থ ও খাদ্যশস্য ছাড়করণ কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। | নীতিমালা মোতাবেক সকল প্রকল্পের কাজ পরিদর্শন পূর্বক ডিও ছাড় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা। |
| ৩য় কিস্তির বরাদ্দ পাওয়া গিয়েছে। বরাদ্দের বিপরীতে প্রকল্প তালিকা দাখিলের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের অনুকূলে উপ-বরাদ্দ প্রদান করা হয়েছে। | প্রকল্প তালিকা দ্রুত দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)। |
| পবিত্র ঈদ উল ফিতর উপলক্ষ্যে অত্র উপজেলার জন্য ৩০৭৫০টি ভিজিএফ কার্ডের বরাদ্দ পাওয়া গিয়েছে। উক্ত কার্ডের বিপরীতে প্রত্যেক উপকারভোগীকে ১০ কেজি হারে মোট ৩০৩.৭৫০ মেঃটন চাল বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দকৃত কার্ড সকল ইউনিয়নে বিভাজন করে উপ-বরাদ্দ প্রদান করা হয়েছে। | পরিপত্র মোতাবেক উপকারভোগী নির্বাচন করে সুষ্ঠু ও স্বচ্ছতারসহিত পবিত্র ঈদ উল ফিতর প্রাপ্ত বরাদ্দকৃত ভিজিএফ চাল বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/ চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)। |
| ০৭। **উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান** অত্র উপজেলায় ১৭৮টি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ১৬৩টি প্রাথমিক বিদ্যালয়ে নতুন সুন্দর ভবন নির্মাণ করা হয়েছে। ১৫ টি বিদ্যালয়ে নতুন ভবন নির্মাণ হয়নি। উক্ত ১৫টি ভবনে নতুন ভবন বরাদ্দ দেয়ার জন্য মাননীয় মন্ত্রী মহোদয় বরাবর প্রস্তাব উত্থাপন করেন। অত্র উপজেলা শিক্ষা অফিসে ৮জন সহকারী শিক্ষা কর্মকর্তার মধ্যে ৩জন কর্মরত রয়েছে আরও ৫ জন সহকারী শিক্ষা কর্মকর্তার পদ শূন্য থাকায় শিক্ষা কার্যক্রমে সমস্যা সৃষ্টি হচ্ছে। অত্র উপজেলায় ৫ জন সহকারী শিক্ষা কর্মকর্তা পদ পূরনের জন্য মাননীয় মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। | প্রস্তাবিত ১৫টি প্রাথমিক বিদ্যালয়ে নতুন ভবন নির্মাণের লক্ষ্যে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৮। **উপজেলা পঃ পঃ কর্মকর্তা জানান** স্থায়ী ও অস্থায়ী দীর্ঘমেয়াদী পদ্ধতি কার্যক্রম চলমান রয়েছে। পরিবার কল্যাণ সহকারী (সিএসবিএ ট্রেনিংপ্রাপ্ত) দ্বারা সম্পাদিত নরমাল ডেলিভারী কার্যক্রম চলমান রয়েছে। পরিবার কল্যাণ সহকারীদের মাঠ কর্মসূচী অনুযায়ী বাড়ী পরিদর্শন, পরিবার পরিকল্পনার অস্থায়ী জন্মবিরতিকরণ সামগ্রী নিয়মিতভাবে বিতরণ কার্যক্রম চলমান আছে। উপ-সহকারী কমিউনিটি মেডিক্যাল অফিসারগণ তাদের ইউনিয়নে প্রতি মাসে ০৪টি বিদ্যালয় স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম পরিচালনা করছেন। | নীতিমালা মোতাবেক সকল কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, নান্দাইল। |
| ০৯। **ডিজিএম, কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি নান্দাইল জোনাল অফিস জানান যে,** নান্দাইল উপজেলায় বর্তমানে বিভিন্ন শ্রেণির বিদ্যুতের মোট গ্রাহক সংখ্যা হলো প্রায় ১,২৫,০০০ জন এবং উক্ত উপজেলায় বিদ্যুতের সর্বোচ্চ চাহিদা হলো প্রায় ৩২ মেগাওয়াট এবং বর্তমানে সরবরাহ পাওয়া যাচ্ছে মাত্র ১৪-১৫ মেগাওয়াট। তাই চাহিদার তুলনায় বিদ্যুতের | মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব জনাব মোহাম্মদ আব্দুল হামিদ মিয়া জানান যে, নান্দাইল উপজেলার মুশুল্লী এলাকায় পিজিসিবি কর্তৃক একটি ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র নির্মাণের জন্য মাননীয় বিদ্যুৎ প্রতিমন্ত্রী মহোদয় বরাবর একটি ডিও | ডিজিএম কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি নান্দাইল জোনাল অফিস। |

| | | |
|---|---|---|
| সরবরাহ অনেক কম হওয়ায় বাধ্য হয়েই অনেক বেশি লোডশেডিং করতে হচ্ছে। নান্দাইল উপজেলার মুশুল্লী এলাকায় কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর নিজস্ব ০৫ একর জায়গা রয়েছে। তাই উক্ত জায়গায় পিজিসিবি কর্তৃক একটি ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র নির্মাণ করা হলে নান্দাইল উপজেলায় বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থার অনেক উন্নতি হবে। এছাড়া তিনি নান্দাইল উপজেলার চৌরাস্তা এলাকায় সরকারি প্রকল্পের আওতায় একটি ৩৩/১১ কেভি বৈদ্যুতিক উপকেন্দ্রের জায়গা ক্রয়ের বিষয়ে মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয়ের ও উপজেলা নির্বাহী অফিসার, নান্দাইল, ময়মনসিংহ এর সহযোগিতা কামনা করেন। | দেওয়া হয়েছে এবং পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সভায় মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব জনাব মোহাম্মদ আব্দুল হামিদ মিয়া জানান যে, নান্দাইল উপজেলার মুশুল্লী এলাকায় পিজিসিবি কর্তৃক একটি ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র নির্মাণের জন্য মাননীয় বিদ্যুৎ প্রতিমন্ত্রী মহোদয় বরাবর একটি ডিও দেওয়া হয়েছে। | |
| **১০। চেয়ারম্যান চন্ডীপাশা ইউনিয়ন পরিষদ জানান** অত্র উপজেলা পরিষদের অদ্যকার সভায় সভাপতি করার জন্য সম্মানিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি জানান আরও যে, অত্র উপজেলার জনগণের স্বাস্থ্য সেবার মান ব্যাপক উন্নয়নের জন্য কমিউনিটি ক্লিনিক আরও বেশি নির্মাণ করা প্রয়োজন। ইউনিয়নের মানুষ একপ্রান্ত থেকে অন্যপ্রান্তে গিয়ে স্বাস্থ্য সেবা নিতে হয়। কমিউনিটি ক্লিনিক বাড়ানো হলে সেবার মান বাড়বে এবং মানুষের কষ্ট লাঘব হবে। এবিষয়ে মাননীয় মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। | স্বাস্থ্য সেবার মান ব্যাপক উন্নয়নের জন্য কমিউনিটি ক্লিনিক আরও বেশি নির্মাণ করা প্রয়োজন। এ বিষয়ে মাননীয় মন্ত্রী মহোদয় অবগত হন। | সংশ্লিষ্ট কর্মকর্তা। |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি ও প্যানেল চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ কর্তৃক উপস্থিত সম্মানিত সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ শাহাব উদ্দিন ভূইয়া)
সভাপতি (প্যানেল চেয়ারম্যান)
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
নান্দাইল, ময়মনসিংহ
ও
চেয়ারম্যান
চন্ডীপাশা ইউনিয়ন পরিষদ।

স্মারকনং- ৪৬.৪৫.৬১৭২.০০০.০৬.০০১.২৩- ২১ তারিখ ঃ-৩১/০৩/২০২৪ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :-

১। মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় ও মাননীয় জাতীয় সংসদ সদস্য ১৫৪, ময়মনসিংহ-৯, নান্দাইল।
২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৪। সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা শাখা-১/উপজেলা শাখা-২ বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৫। মেয়র, নান্দাইল পৌরসভা, নান্দাইল, ময়মনসিংহ।
৬। জনাব মোঃ সারোয়ার হাসান, ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।
৭। জনাব মনোয়ারা জুয়েল, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।
৮। উপজেলা --------------------------------------------------- অফিসার, নান্দাইল, ময়মনসিংহ।
৯। চেয়ারম্যান ---------------------------------ইউনিয়ন পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।
১০। অফিস কপি।

৩১/০৩/২৪

(অরুন কৃষ্ণ পাল)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
নান্দাইল, ময়মনসিংহ।